

৬.২

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

(২০১৭-১৮)

৬.২.১

সাম্প্রতিক অর্জন: বিগত তিন বছরের ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন মোট ১৬টি জোনাল এবং ০১টি দিয়ারা সেটেলমেন্ট কার্যক্রমের মধ্যে বর্তমানে ১৬টি জোনাল ও ০১টি দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এই অফিস স্মূহের অধীন মোট ৬১,৪১০টি মৌজার মধ্যে ৪১,৪৪৮টি মৌজায় জরিপ কর্মসূচী চলমান রয়েছে। এ পর্যন্ত ৩৪,৯২৬টি মৌজার ২,০৬,২৫,৩৮৭ সংখ্যক খতিয়ানের জরিপ কাজ মাঠ পর্যায়ের সকল স্তর সম্পন্ন হয়েছে। এর মধ্যে ২৮,২৭২টি মৌজার ১,৪৯,১১,৯৪২ সংখ্যক খতিয়ানের চূড়ান্ত প্রকাশনার গেজেট জারী হয়েছে এবং ২২,২৩০ মৌজার ১,০৬,৮৪,৯৮৯ সংখ্যক খতিয়ান ইতোমধ্যে জেলা প্রশাসকদের নিকট হস্তান্তর করা হয়েছে। রংপুর ও দিনাজপুর জোনের আওতায় ১১১টি হিটমহলের জরিপ কার্য সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে পরিচালনা করা হয়েছে, ইতোমধ্যে মুদ্রণ পূর্ববর্তী জরিপ স্তরের ৯০ ভাগ কাজ সম্পন্ন হয়েছে।